# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

১। দুদিনের সফর সূচী নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ গুয়াহাটির খানাপারায় সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ অনুষ্ঠানে যোগদান /অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর ডঃ ভূপেন হাজারিকা স্মারক ১০০ টাকার মুদ্রার সূচনা ।

২। মিজোরাম দেশের রেল মানচিত্রে অর্ন্তভুক্ত ।/সাইরাং থেকে দিল্লী , গুয়াহাটি এবং কলকাতা অভিমুখী তিনটি এক্সপ্রেস ট্রেনের ফ্লেগঅফ ।

৩। ভৈরবী সাইরাং যাত্রীবাহী রেল চলাচল শুরু হওয়ার পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি ও করিমগঞ্জ রেলষ্টেশনে আজ উৎসবমুখর পরিবেশ ।

৪। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী বুধবার সুস্থ নারী শক্তি পরিবার অভিযানের উদ্বোধন ।

---

দুদিনের সফরসূচি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গৌহাটি এসে খানাপারার আসাম পশু চিকিৎসা মহাবিদ্যালয় খেলার মাঠে আয়োজিত সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ অনুষ্ঠানে যোগ দিয়েছেন । অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যের সাংস্কৃতিক বিভাগের মন্ত্রী বিমল বরা । এর পর সমগ্র রাজ্যের ১ হাজার ১শোর অধিক শিল্পী সমবেত কণ্ঠে ডক্টর ভূপেন হাজারিকার সমবেত সঙ্গীত পরিবেশন করেন । এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের জারী করা ডক্টর ভূপেন হাজারিকা স্মারক ১শো টাকার মুদ্রারর সূচনা করেন । অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজারিকা ভারতের জনসাধারণের স্বপ্নকে একত্রিত করে সেই স্বপ্নকে সুর দিয়েছিলেন ।

---

প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ কইনাধারার রাজ্য অতিথি শালায় রাত্রী যাপন করে আগামীকাল মঙ্গলদৈ যাবেন । সেখানে তিনি প্রায় ৫৭৬ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান দরং মেডিক্যাল কলেজ ও হাসপাতাল , একটি জি এন এম স্কুল এবং একটি নার্সিং কলেজের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।আগামীকাল প্রধানমন্ত্রী ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে প্রায় সাত হাজার কোটি টাকা ব্যয়ে ব্রক্ষ্মপুত্রের ওপরে নারেঙ্গী - কুরুয়া সংযোগী সেতু এবং গৌহাটী রিংরোড প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।এরপর তিনি গোলাঘাট জেলার নুমুলীগড় যাবেন । প্রধানমন্ত্রী নুমুলীগড় তেল শোধনাগারে বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করা সহ শোধনাগারের নতুন পলিপ্রপিলিন গোষ্ঠির ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।এরপর প্রধানমন্ত্রী যোরহাটের বরৈয়া বিমান বন্দর থেকে কলকাতা অভিমুখে রওয়ানা হবেন ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মিজোরামের রাজধানী আইজলে ৯ হাজার কোটির অধিক টাকা ব্যায় সাপেক্ষে বেশ কয়েকটি উন্নয়ন মূলক প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এরমধ্যে রেলওয়ে , সড়ক সুরক্ষা , জাতীয় সড়ক , জ্বালানী এবং ক্রীড়া সহ বিভিন্ন ক্ষেত্রের প্রকল্প রয়েছে । শ্রী মোদী নবনির্মিত ভৈরবী - সাইরাং রেল পথের সূচনা করে আইজলকে ভারতীয় রেল মানচিত্রে অর্ন্তভুক্ত করেন । তিনি ৮ হাজার কোটির অধিক টাকা ব্যায় সাপেক্ষে নির্মীয়মান ভৈরবী - সাইরাং তিনটি নতুন রেলপথে ৩টি নতুন রেল গাড়ীর সূচনা করেন । তিনি বলেন যে সাইরাং-দিল্লীর মধ্যে রাজধানী এক্সপ্রেস , সাইরাং-গৌহাটির মধ্যে দৈনিক এক্সপ্রেস এবং সাইরাং কোলকাতার মধ্যে ত্রিসপ্তাহিক এক্সপ্রেস ট্রেনগুলি দেশের অন্যান্য অংশের সঙ্গে মিজোরামের যোগাযোগের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করবে ।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিয়ে শ্রী মোদী বলেন যে আজকের দিনটি সমগ্র দেশের জন্য বিশেষ করে মিজোরামের জনসাধারণের জন্য একটি ঐতিহাসিক দিন । তিনি বলেন যে রাজধানী এক্সপ্রেসের মাধ্যমে সাইরাং প্রথম বারের মত দিল্লীর সঙ্গে সরাসরি যুক্ত হবে । এখন থেকে মিজোরামের কৃষক এবং ব্যবসায়ীরা দেশের বিভিন্ন বাজারের সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ পাবেন । ফলে বিভিন্ন ক্ষেত্রে নিয়োগের সুযোগ সৃষ্টি হবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে ভারত বর্তমান বিশ্বের সবচেয়ে দ্রুত বিকশিত অর্থনীতি এবং উত্তর-পূর্বাঞ্চল সম্প্রতি দেশের বিকাশের ইঞ্জীন হিসেবে চিহ্নীত হয়েছে । মিজোরামে এক্ট-ইষ্ট পরিচালিত এবং অভিলাসী উত্তর-পূর্ব করিডোরের ক্ষেত্রে অন্যতম প্রধান ভূমিকা গ্রহণ করবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে জি এস টি সংস্কারের মাধ্যমে সরকার

জনসাধারণের জীবন ধারণের মান উন্নত করা সহ ব্যাবসা বাণিজ্য আরো সহজ করে তুলা হয়েছে ।

অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন যে ৪৫টি গুহা এবং ৫৫টি বৃহৎ সেতু তৈরীর মাধ্যমে ভৈরবী-সাইরাং রেলপথের নির্মান কার্য প্রত্যাহ্বানমূলক ছিল । তিনি বলেন যে এই রেললাইন এখন মিজোরাম , গৌহাটি , কোলকাতা , দিল্লী সহ দেশের গুরুত্বপূর্ণ স্থানগুলির সঙ্গে সংযুক্ত করবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মিজোরামে লাংলা সিয়াহা সড়কে ছিমতুইপুই নদীর ওপর একটি সেতুর শিলান্যাস করেন । অনুষ্ঠানে মিজোরামের রাজ্যপাল ভি কে সিং এবং মুখ্যমন্ত্রী লালডুহোমা উপস্থিত ছিলেন ।

আইজল থেকে প্রধানমন্ত্রী মনিপুরে যান । তিনি চূড়াচান্দপুর জেলার পিচ গ্রাউন্ডে আয়োজিত একটি জনসভায় অংশ নিয়ে মনিপুরের জনসাধারণকে শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করতে এবং যুব প্রজন্মের জন্য কল্যাণ ও প্রগতির পথ প্রসস্ত করার আহ্বান জানান । শ্রী মোদী তার ভাষণে বলেন যে মনিপুর হচ্ছে আশা এবং বিকাশের অন্যতম ভূমি কিন্তু সাম্প্রতিক গোষ্ঠী সংঘর্ষ মনিপুরকে অস্থির করে তুলেছে । এর আগে প্রধানমন্ত্রী ইম্ফালে ৭ হাজার ৩শো কোটি টাকা ব্যায় সাপেক্ষে ১৪টি প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । শ্রী মোদী চূড়াচান্দপুরে গোষ্ঠী সংঘর্ষে গৃহহারা একাংশ লোকের সঙ্গে সাক্ষাৎ করেন ।

-----------------------------------------------------------------------------------------

এদিকে প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ সাইরাং - ভৈরবী রেল পথে যাত্রীবাহী রেল যাত্রার সূচনা করায় মিজোরাম দেশের রেল মানচিত্রের সঙ্গে যুক্ত হয়েছে ।সেই সঙ্গে নতুন তিনটি দূরপাল্লার যাত্রীবাহী রেলেরও উদ্বোধন করা হয় যা হাইলাকান্দির জনসাধারণের বহু বছরের দাবীকেও বাস্তবায়িত করেছে । প্রধানমন্ত্রীর উদ্বোধন করা সাইরাং - কলকাতা এক্সপ্রেস আজ সকাল ১১ টা ৪০ মিনিটে হাইলাকান্দি রেল ষ্টেশনে প্রবেশ করলে সেখানে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয় । কয়েক হাজার লোক ষ্টেশনে জমায়েত হয়ে ট্রেনটিকে স্বাগত জানান । অনুষ্ঠানে উপস্থিত সাংসদ কৃপানাথ মালহা , প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস হাইলাকান্দি ষ্টেশন থেকে সাইরাং - কলকাতা এক্সপ্রেস ট্রেনটির ফ্লেগ অফ করেন । এদিকে আজ বদরপুর রেল ষ্টেশনেও অনুরূপ উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয় ।সাইরাং থেকে আগত ট্রেনটিকে বদরপুর ষ্টেশনে স্বাগত জানানো হয় । অনুষ্ঠানে সাংসদ কৃপানাথ মালহা , বদরপুর পৌরসভার ভাইস চেয়াম্যান সিতাংশু রায় , বিজেপি নেতা সুব্রত ভট্টাচার্য সহ বহু বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী বুধবার সুস্থ নারী শক্তি পরিবার অভিযানের সূচনা করবেন । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ সামাজিক মাধ্যমে এই তথ্য জানিয়ে বলেছেন যে সমগ্র দেশে নারী এবং শিশুদের উন্নত মানের স্বাস্থ্য প্রদানের লক্ষ্যে এই অভিযান আরম্ভ করা হচ্ছে । তিনি জানান যে এই অভিযানের মাধ্যমে নারী এবং শিশুদের গুণগত মানের স্বাস্থ্য সেবা প্রদান এবং স্বাস্থ্য সম্পর্কে তাদের আরো বেশী সচেতন করে তোলার বিষয়টি নিশ্চিত করা হবে । তিনি আরো জানান যে দেশব্যাপী এই অভিযানের মাধ্যমে আয়ুষ্মান আরোগ্য মন্দির , কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র এবং অন্যান্য স্বাস্থ্য কেন্দ্র গুলিতে মোট ৭৫ হাজার স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে ।

-------------------------------------------------------------------------------------

জি এস টি সংস্কারের মাধ্যমে সরকার অত্যাবশ্যকীয় সামগ্রীর ওপর থেকে সামগ্রী ও সেবা কর বিলুপ্ত করে জনসাধারণের করের বোঝা লাঘব করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে ।এই নতুন ব্যবস্থার অধীনে ফলমূল , শাকসব্জী , বাদাম এবং ফলের রস সহ বিভিন্ন সামগ্রীর ক্ষেত্রে জি এস টি ১২ শতাংশ থেকে ৫ শতাংশ হ্রাস করেছে ।মুখরোচক খাবারের জি এস টি ও ১২ শতাংশ থেকে ৫ শতাংশ হ্রাস করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের মাতৃ-পিতৃ বন্দনা প্রকল্পের অধীনে রাজ্যের কর্মচারীদের জন্য বিশেষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হয়েছে । এ সম্পর্কে সাধারণ প্রশাসন বিভাগের জারী করা নির্দেশ অনুসারে আগামী ১৪ এবং ১৫ নভেম্বর কর্মচারীরা এই বিশেষ নৈমিত্তিক ছুটি লাভ করবেন । কর্মচারীরা ১৬ নভেম্বর অর্থাৎ রবিবার দিনটিও মাতৃ-পিতৃ বন্দনার জন্য ব্যবহার করতে পারবেন বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

আসাম বিজ্ঞান সমিতি হাইলাকান্দি শাখার উদ্যোগে হাইলাকান্দিতে আগামীকাল ২৩তম বার্ষিক সায়েন্স মেরিট টেষ্ট অনুষ্ঠিত হবে । জেলার পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে । এই কেন্দ্রগুলি হচ্ছে - লালার এম এ জুনিয়র কলেজ , কৈয়া মডেল স্কুল , আলগাপুর অকল্যান্ড স্কুল , প্যারামাউন্ট সিনিয়র সেকেন্ডারী স্কুল এবং এরিট সিনিয়র সেকেন্ডারী স্কুল । হাইলাকান্দি জেলার মোট ২৫টি স্কুলের শিক্ষার্থী এই প্রতিযোগীতায় অংশগ্রহন করবে । ইতিমধ্যে পরীক্ষার্থীদের মধ্যে এডমিট কার্ড বিতরন শুরু হয়েছে । পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্বে থাকছেন অধ্যাপক অসীম কল্যান এবং সহযোগী হিসেবে নজমূল ইসলাম মজুমদার থাকছেন ।

---

রাজ্যের তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর সঞ্চালকালয়ের পক্ষ থেকে তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর পড়ুয়াদের ২০২৫-২৬ সালের আর্থিক অনুদান এবং সহায়তার জন্য অনলাইন দরখাস্ত জমা দেওয়ার সময়সীমা আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে । আগে এই দরখাস্ত জমা দেওয়ার সময়সীমা চৌঠা জুলাই পর্যন্ত ছিল । দরখাস্ত মাই স্কিম পোর্টালে জমা করা যাবে । হাইলাকান্দির মহকুমা কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর শিক্ষার্থীদের অনুদান এবং সহায়তার সুযোগ নিতে আবেদন জানানো হয়েছে । বিশদ বিবরণ মহকুমা কল্যাণ আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাবে ।

---